

আত-তাওবা | At-Tawba | التَّوْبَةُ

আয়াতঃ ৯ : ৬৩

আরবি মূল আয়াত:

أَلَمْ يَعْلَمُوا أَنَّهُ مَنْ يُحَارِدُ اللَّهَ وَرَسُولَهُ فَإِنَّ لَهُ نَارًا جَهَنَّمَ خَالِدًا فِيهَا ۖ
ذَلِكَ الْخِزْنُ الْعَظِيمُ ۝ ۶۳

A | ✎ অনুবাদসমূহ:

তারা কি জানে না, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রাসূলের বিরোধিতা করে, তবে তার জন্য অবশ্যই জাহানাম, তাতে সে চিরকাল থাকবে। এটা মহালাঞ্ছনা। — আল-বায়ান

তারা কি জানে না যে, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের বিরোধিতা করে তার জন্য আছে জাহানামের আগুন যেখানে সে হবে চিরস্থায়ী? আর এটা খুবই লাঞ্ছনার ব্যাপার। — তাইসিরুল

তারা কি জানেনা যে, আল্লাহ ও তাঁর রাসূলের ঘারা বিরুদ্ধাচরণ করে, এমন লোকের ভাগ্যে রয়েছে জাহানামের আগুন? তারা তাতে অনন্তকাল থাকবে, এটা হচ্ছে চরম লাঞ্ছনা। — মুজিবুর রহমান

Do they not know that whoever opposes Allah and His Messenger - that for him is the fire of Hell, wherein he will abide eternally? That is the great disgrace. — Sahih International

৬৩. তারা কি জানে না যে, যে ব্যক্তি আল্লাহ ও তার রাসূলের বিরোধিতা করে(১) তার জন্য তো আছে জাহানামের আগুন, যেখানে সে স্থায়ী হবে? এটাই চরম লাঞ্ছনা।

(১) তারা যেহেতু রাসূলকে কষ্ট দিয়েছে, মুমিনদের কাছে মিথ্যা শপথ করে তাদেরকে ধোঁকা দিতে চেষ্টা করছে, সুতরাং তারা আল্লাহ ও তার রাসূলের বিরোধিতায় নেমেছে। আর যারাই আল্লাহ তা'আলা ও তার রাসূলের বিরোধিতায় নামে তাদের জন্য জাহানাম অবধারিত। আর তা নিঃসন্দেহে লাঞ্ছিত জীবন। [সাদী; মুয়াসসার]

তাফসীরে জাকারিয়া

(৬৩) তারা কি জানে না যে, যে ব্যক্তি আল্লাহ ও তাঁর রসূলের বিরুদ্ধাচরণ করে, তাহলে সুনিশ্চিতভাবে তার জন্য রয়েছে জাহানামের আগুন; সে তাতে অনন্তকাল থাকবে। এটা হচ্ছে চরম লাঞ্ছনা।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1298>

১ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন